

“আমার সোনার হরিণ চাই”

- Hot Chili

তোরা যে যা বলিস ভাই, আমার সোনার হরিণ চাই। কিন্তু এর দেখা কি এতো সহজে মেলে। এই ক্যান্টারুর দেশে এসে যারা চাকরি নামক সোনার হরিণ খুঁজে বেরিয়েছেন তারা সকলেই জানেন ওই ‘চ’ যুক্ত সোনার হরিণের সন্ধান পাওয়া সহজ নয়। জীবনের নানা প্রয়োজনে অনেকেই বাঘের দেশ ছেড়ে ক্যান্টারুর দেশে এসেছিলেন, এসেছেন এবং আসবেন। বাদশাহ সলেমোনের গুপ্তধনের সন্ধান জানা থাকলে অন্য কথা। কিন্তু না থাকলে অভিবাসন প্রক্রিয়ার প্রাথমিক পর্যায়ে সবাইকেই চাকরি নামক সোনার হরিণ খুঁজতেই হয়। না খুঁজে উপায় নাই যে।

অভিবাসন প্রক্রিয়ার প্রাথমিক পর্যায়ে চেনা পরিচিত জনদের ছেড়ে, আট হাজার মাইল পথ পাড়ি দিয়ে এমনিতেই মন থাকে ক্লান্ত, সেই ক্লান্ত মনে কি হরিণ খোঁজা যায়? তার উপর বাঘের দেশে যে ফাঁদে হরিণ ধরা পড়ে ক্যান্টারুর দেশে তা একেবারেই অচল। উথাল পাতাল মনটা বলে কেউ যদি ফাঁদটা মজবুত করতে কি করতে হবে তা যদি একটু দেখিয়ে দিত, তাহলে হরিণ ধরে সেই হরিণের মাংস কিভাবে বারবিকিউ করে খেতে হয় তা সবাইকে দেখিয়ে দিতাম। ফাঁদটা মজবুত করতে হবে – গুণীজনরা তো বলেই খালাস। কিন্তু কিভাবে? সেই ভাবনা থেকেই ‘হট চিলি’ একটি নতুন সার্ভিস চালু করতে যাচ্ছে। যদি চান, চাকরি নামক সোনার হরিণ ধরার চাবি-কাঠি মানে চাকরির জন্যে লিখিত কভার লেটার বা আবেদন পত্র এবং সন্ধানকারীর রেজ্যুমে বা কর্ম-বৃত্তান্ত ‘হট চিলি’র কাছে পাঠাতে পারেন।

পানসে কোন কিছু যেমন মুখে রোচে না তেমনি পানসে কভার লেটার আর রেজ্যুমেও নজর কাড়ে না। একসময় চাকরি খুঁজতে যায়ে জুতার সুখতলি ক্ষয়ে যেত। এখন এই কম্পিউটারের যুগে, কিবোর্ডের সেন্ড আর সাবমিট বাটন ক্ষয়ে যায় আর চাকরি নামক সোনার হরিণ অধরা থেকে যায়। অবলা মন তখন পেপসির ওই হিন্দি কমার্শিয়ালের মতো বলে ওঠে, “মেরা নাম্বার কাব আয়েগা?” বাংলায় ভাবার্থ করলে মনে হয় হবে, ‘আমার ভাগ্য কবে খুলবে? নির্মম সত্য এই যে, পানসে কভার লেটার আর রেজ্যুমেতে ভাগ্যের শিকে খুলবে না।

সম্পর্ক মলিন হয়ে গেলে উত্তাপ ফিরিয়ে আনতে যেমন মসলা যোগ করার প্রয়োজন পড়ে তেমনি একটু মসলা যোগ করলে হয়তো পানসে কভার লেটার আর রেজ্যুমেটাও চাঙ্গা হতে পারে। হয়তো কভার লেটার আর রেজ্যুমেতে লেখা তথ্যসমূহ ঠিকই আছে শুধু দরকার একটু ঘষা-মাজার। যদি মনে করেন আপনি এই দলের একজন যোগ্য উত্তরসূরি তবে দেরী না করে চলে আসুন এই ঠিকানায়, ২০১ ধর্মতলায়। ইমেইলে পাঠিয়ে দিন আপনার কভার লেটার আর রেজ্যুমেটা হট চিলির ঠিকানায়। প্রশ্ন হতে পারে ‘হট চিলি’ কি চাকরি দেবে না চাকরি সুপারিশ করবে? না ভাই,

কোনটাই না। চাকরি সুপারিশ বা দেবার ক্ষমতা কোনটাই ‘হট চিলি’র নাই। তবে ‘হট চিলি’র ছোঁয়ায় ইন্টারভিউয়ের ডাক পাবার সম্ভাবনা বৃদ্ধি পেতে পারে।

Need help with CV & resume??
Spice it up with
Hot Chili
hotchilli2013@yahoo.com
Find us on Facebook

এই রঙ্গের দুনিয়ায় হাতে গোনা খুব সামান্য কিছু জিনিস বিনে পয়সায় পাওয়া যায়। জেনে রাখুন সে তালিকায় যুক্ত হলো আর একটি জিনিস, হট চিলি’র এই সার্ভিস। কথা দিচ্ছি গোপনীয়তা রক্ষা করা হবে এবং কভার লেটার আর রেজ্যুমের তথ্যসমূহ অন্য কোন কাজে ব্যবহার করা হবে না। ‘হট চিলি’তে যোগাযোগের ঠিকানা hotchilli2013@yahoo.com